

## PRESS CLIP

**Publication:-** Khabor Online (<https://www.khaboronline.com/news/kolkata/bengal-chamber-distributes-sanitation-materials-in-two-markets-in-kolkata/>)

**Date:-** 15<sup>th</sup> April, 2020

**Page:-** Online

**The Bengal Chamber adopted Gariahat and Jodhpur Park Markets in the sanitizing drive of Government of West Bengal against COVID19 on 14<sup>th</sup> & 15<sup>th</sup> April 2020**

### কলকাতার দু'টি বাজারে স্যানিটাইজেশন সামগ্রী বিলি করল বেঙ্গল চেম্বার



কলকাতা : শহরের দু'টি গুরুত্বপূর্ণ বাজারে স্যানিটাইজেশনের সামগ্রী তুলে দিল দ্য বেঙ্গল চেম্বার অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি। বণিকসভাকে এই নির্দেশ দিয়েছিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। সেইমতো গড়িয়াহাট এবং

যোধপুর পার্ক বাজারে দু'দিনের একটি কর্মসূচি নিয়ে স্যানিটাইজেশনের সামগ্রী তুলে দেওয়া হল সংস্থার পক্ষ থেকে।



কর্মসূচির সূচনা হয় ১লা বৈশাখের দিন। ওই দিন যোধপুর পার্ক বাজারে মাস্ক, গ্লাভস এবং হ্যান্ড স্যানিটাইজার বাজারের বিক্রেতাদের হাতে তুলে দেওয়া হয়। যোধপুর পার্ক বাজারে এই কর্মসূচিতে উপস্থিত ছিলেন বেঙ্গল চেম্বারের প্রেসিডেন্ট বিবি চ্যাটার্জি এবং ডিরেক্টর জেনারেল শুভদীপ ঘোষ সহ অন্যান্য। এ ছাড়া উপস্থিত ছিলেন মেয়র পারিষদ রতন দে এবং লেক থানার ওসি জয়ন্ত ঘোষ।



বুধবার গড়িয়াহাট বাজারে চলে এই কর্মসূচি। বণিকসভার প্রতিনিধিরা ছাড়াও এই কর্মসূচিতে উপস্থিত ছিলেন স্থানীয় কাউন্সিলার সুদর্শনা মুখার্জি এবং গড়িয়াহাট থানার ওসি সৌম্য ব্যানার্জি।